

উৎসর্গপত্র

২৭ জানুয়ারি, ২০১৩, নিতান্ত আকস্মিকভাবেই দীপংকর দা আমাদের ছেড়ে চলে গেলেন। দীপংকর চক্রবর্তী একাই একটি প্রতিষ্ঠান ছিলেন। অর্ধ শতাব্দী জুড়ে প্রগতি পত্রিকা প্রকাশনার ক্ষেত্রে তাঁর অবদান ইতিহাস হয়ে থাকবে। মানবাধিকার আন্দোলনের ইতিহাসেও তাঁর আসন অক্ষয়। বর্তমান নিয়েই যঁারা সন্তুষ্ট নন, যঁারা ভবিষ্যতের স্বপ্নে মশগুল, সেই সমস্ত অনীক-এর স্মরণীয় একজন তিনি। আমাদের এই প্রকাশনার বিষয়ে তিনি অত্যন্ত আগ্রহী ছিলেন বলেই অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মূল্যবান ভূমিকা নিয়েছিলেন। প্রচণ্ড আফশোস আমাদের যে আর কয়েকটা দিন আগে কেন আমরা গ্রন্থটি প্রকাশ করতে পারলাম না! তাহলেই তো তিনি এটি দেখে যেতে পারতেন! দিলীপদার সঙ্গে তাঁর দীর্ঘদিনের অন্তরের যোগ ছিল, এই গ্রন্থে তাঁর ও দিলীপদার লেখাতে তার বহু উল্লেখ আছে।

আমাদের এই গ্রন্থ আমরা সশ্রদ্ধ চিত্তে তাঁকেই উৎসর্গ করলাম।

গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি, কৃষ্ণনগর-এর তরফে, শংকর সান্যাল ও তাপস চক্রবর্তী সংকলিত ও সম্পাদিত।
“এক অসাধারণ সাধারণ মানুষ, দিলীপ বাগচী জীবন ও সৃষ্টি” নামক দিলীপ বাগচী স্মারক গ্রন্থ (২০১৩) থেকে নেওয়া।